## ...হী জেলাধীন বাগমারা উপজেলা পরিষদের জুন, ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

অধিবেশন নং ঃ ৩০/২০২২
সভার তারিখ ঃ ২৭-০৬-২০২২ খ্রি.
সময় ঃ সকাল ১০.০০ টা
সভাপতি ঃ জনাব অনিল কুমার সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট 'ক' (সংযুক্ত)
সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট 'খ' (সংযুক্ত)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতপরঃ আলোচ্য সূচি অনুযায়ি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করা হয় এবং আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনা করা হয়।

আলোচ্য বিষয় ঃ (১) বিগত সভার কার্যবিবরণী পঠন, অনুমোদন ও দৃঢ়ীকরণ।

সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন আপত্তি না থাকায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বাগমারা উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের জন্য উন্মুক্ত বাজেট সভা গত ২৩/০৬/২০২২ খ্রি. তারিখের অনুষ্ঠিত হয়েছে। উপজেলা পরিষদ কর্তৃক বাজেট অনুমোদনের লক্ষ্যে বাজেট বিবরণী পুনরায় তিনি সভায় উপস্থাপন করেন। বাজেট নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বাজেটে কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে বাজেট অনুমোদ করা হয়। নীতিমালা অনুযায়ী বাজেটের কপি সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী |
| ০২ | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে বরাদ্দকৃত অর্থে গৃহীত প্রকল্পসমূহের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। এছাড়া জাতীয়ভাবে বরাদ্দকৃত অর্থায়নে অত্র উপজেলায় ৭০ কিলোমিটার পাকা রাস্তার সংস্কার / মেরামত কাজ চলমান রয়েছে। ইতিমধ্যে ৫০ কিঃমিঃ রাস্তার সংস্কার কাজ সমাপ্তি হয়েছে। অবশিষ্ট ২০ কিঃমিঃ রাস্তার সংস্কার কাজ জুলাই ২২ এর মধ্যে সমাপ্ত হবে। তিনি আরও জানান উপজেলা পরিষদের সোনালী কোয়াটার গেজেটেড কোয়াটার) ২য় তলার ০২টি ইউনিট জরুরীভাবে মেরামতের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের অফিসে টাইলসকরণ ও চেয়ারম্যান মহোদয়ের বাস ভবনে পার্কিং টাইলস স্থাপন কাজসমূহের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সাথে পরামর্শক্রমে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এক্ষেত্রে গেজেটেড কোয়াটারের ০২টি ইউনিট মেরামতের জন্য ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের ০২টি কক্ষ টাইলসকরণ ও চেয়ারম্যান মহোদয়ের বাস ভবনের পার্কিং টাইলস কাজের জন্য ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | নির্ধারিত সময়ের মধ্যে অসমাপ্ত রাস্তা সংস্কার কাজ সমাপ্তির জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়া গেজেটেড কোয়াটার মেরামত ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের অফিসে টাইলসকরণ ও চেয়ারম্যান মহোদয়ের বাস ভবনে পার্কিং টাইলস স্থাপন কাজের প্রাক্কলন সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। জরুরী ভিত্তিতে প্রাক্কলন অনুযায়ী কাজ সমাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার সভায় জানান, সকলের ঐকান্তি সহযোগিতায় অত্র উপজেলায় করোনা ভ্যাকসিনেশন কার্যক্রমের লক্ষ্যে মাত্রা অর্জিত হয়েছে। করোনা ভ্যাকসিনের ৩য় ডোজ চলমান রয়েছে। ৩য় ডোজের টিকা গ্রহণে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান। তিনি আরও জানান বর্তমানে আবারও করোনা রোগ দেখা দিয়েছে। এবিষয়ে সকলকে সতর্ক থাকা প্রয়োজন। উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে হাসপাতালে রোগীদের নিকট হতে রোগী কল্যাণ ফি বাবদ ২ টাকা করে নেয়া হয়। উক্ত অর্থ পরিচ্ছন্নতা কাজে ব্যয় করা যায় কিনা সে বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। স্বাস্থ্য বিভাগীয় আলোচনাকালে চেয়ারম্যান নরদাশ ইউপি জানান স্বাস্থ্য বিভাগের নিয়ন্ত্রণাধীন হাটমাধনগর স্বাস্থ্য উপকেন্দ্রে কর্মদিবস সমূহে ও অন্যান্য জাতীয় দিবসে জাতীয় পতাকা উত্তোলন করা হয় না। এ প্রসঙ্গে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার জানান স্বাস্থ্য উপকেন্দ্রের জাতীয় পতাকা উত্তোলন না করলেও চলবে। তার এ বক্তব্যে সভায় উপস্থিত জনপ্রতিনিধিবৃন্দ ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। তদপ্রেক্ষিতে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা তার বক্তব্য প্রত্যাহার করেন। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) পুনরায় করোনা প্রাদুর্ভাব দেখা দেওয়ায় তৃতীয় ডোজ গ্রহণে জনসারধণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্ব স্ব এলাকায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়।<br>(খ) রোগী কল্যাণ ফি এর আদায়কৃত অর্থ সুষ্ঠভাবে সংরক্ষণের স্বার্থে ব্যাংকে আলাদাভাবে হিসাব খুলে জমা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসারকে অনুরোধ করা হয়।<br>(গ) উপজেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের ইউনিয়ন পর্যায়ে অবস্থিত ইউনিয়ন উপ স্বাস্থ্য কেন্দ্র ও ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের জাতীয় পতাকা উত্তোলনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ১৮টি ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্র ১৪ জুন চিকিৎসা সহকারী নিয়োজিত রয়েছেন। এর মধ্যে ০৬ জন ডাসকো প্রকল্পের আওতায় নিয়োজিন। ডাসকো প্রকল্পের মেয়াদ শেষ হলে জনবল সংকটের কারণে পরিবার কল্যাণ কেন্দ্র কর্তৃক সেবা প্রদান ব্যহত হবে। প্রয়োজনীয় জনবল পদায়নের জন্য সভায় অনুরোধ করেন। | যে সকল ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্র চিকিৎসা সহকারীর পদ শূন্য রয়েছে জনস্বার্থে শূন্য পদে লোক পদায়নের বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে পত্র যোগাযোগের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল খেলা আগামী ০২ জুলাই ২০২২ তারিখ বাগমারা পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। উক্ত খেলায় তিনি জনপ্রতিনিধিবৃন্দ ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। | বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় টুর্ণামেন্টের ফাইনাল খেলা উপভোগের জন্য সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়। | সকল বিভাগীয় কর্মকর্তা ও জন প্রতিনিধি বৃন্দ |
| ০৬ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, আগামী ০২-০৭-২০২২ খ্রি. অত্র উপজেলার ২০০ জন ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের মধ্যে কৃষি প্রনোদনার পেঁয়াজ বীজ, সার ও উপকরণ বিনামূলে বিতরণ করা হয়। উক্ত বিতরণ অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান। | ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের মধ্যে কৃষি প্রনোদনার পেঁয়াজ বীজ, সার ও উপকরণ বিনামূলে বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়। | সকল বিভাগীয় কর্মকর্তা ও জন প্রতিনিধি বৃন্দ |
| ০৭ | ডিজিএম নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য দপ্তরের অধীন ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য উপকেন্দ্র, স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্রসহ বেশকিছু প্রতিষ্ঠান পর্যায়ের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। সরকারী নির্দেশনা মোতাবেক জরুরী ভিত্তিতে বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য দপ্তর, পরিবার পরিকল্পনা দপ্তরের নিয়ন্ত্রণাধীন উপস্বাস্থ্য কেন্দ্র ও পরিবার পরিকল্পনা কেন্দ্রসমূহের বকেয়া বিদ্যুৎ বিল জরুরী ভিত্তিতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য পঃপঃ অফিসার ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য পঃপঃ অফিসার ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, গত ১৫ জুন হতে ২১ জুন ২০২২ পর্যন্ত অত্র উপজেলায় জনশুমারির কাজ সকলের ঐকান্তিক সহযোগিতায় সমাপ্ত হয়েছে। যদি কোন ব্যক্তি গণনা থেকে বাদ পড়ে সে ক্ষেত্রে পরিসংখ্যান দপ্তরে যোগাযোগ করলে গণনায় অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। | কোন ব্যক্তি গণনা থেকে বাদ পড়লে সে ক্ষেত্রে পরিসংখ্যান দপ্তরে যোগাযোগের বিষয়েটি স্ব স্ব এলাকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ থেকে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে তার দপ্তরের জন্য ১টি কক্ষ বরাদ্দ প্রদানের নির্দেশনা রয়েছে। সমাজ সেবা দপ্তরের সেবা সমূহ জনগণের দোর গোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদে তার দপ্তরের জন্য ১টি করে কক্ষ বরাদ্দ প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। | স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক উপজেলা সমাজসেবা দপ্তরের জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদ ভবনের একটি করে কক্ষ সমাজসেবা দপ্তরের অনুকুলে বরাদ্দ প্রদানে ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১০ | চেয়ারম্যান, [illegible] কোয়ালীপাড়া ইউপি সভায় জানান যে, তার ইউপির মোহনপুর হতে ইউনিয়ন পরিষদ পর্যন্ত এবং পীরগঞ্জ হতে জোলাপাড়া হাট পর্যন্ত রাস্তা যান-বাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে রাস্তাসমূহ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | মোহনপুর হতে ইউনিয়ন পরিষদ পর্যন্ত এবং পীরগঞ্জ হতে জোলাপাড়া হাট পর্যন্ত রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১১ | চেয়ারম্যান, সোনাডাঙ্গা ইউপি সভায় জানান তার ইউপির উত্তর জামালপুর হতে বাধের হাট পর্যন্ত রাস্তা যান-বাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | উত্তর জামালপুর হতে বাধের হাট পর্যন্ত রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১২ | চেয়ারম্যান, শ্রীপুর ইউপি সভায় জানান যে, তার ইউপির জামতলা হতে তাহেরপুর রাস্তা যান-বাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। এছাড়া ইউনিয়ন পরিষদ হতে খামারপাড়া রাস্তার মাঝখানে বিদ্যুতের পোল থাকায় প্রতিনিয়ত দূর্ঘনটা ঘটছে। দূর্ঘটনা রোধে বৈদ্যুতিক পোলটি রাস্তার পার্শ্বে স্থানান্তর করা প্রয়োজন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | জামতলা হতে তাহেরপুর রাস্তা সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়া আলোচিত বৈদ্যুতিক পোল উত্তোলন করে রাস্তার পার্শ্বে পুনঃ স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম নাটোর পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী/ ডিজিএম নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বাগমারা |
| ১৩ | চেয়ারম্যান, নরদাশ ইউপি সভায় জানান যে, তার ইউপির বারিগ্রাম থেকে নরদাশ পর্যন্ত রাস্তা যান-বাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে রাস্তাটি সংস্কার করা প্রয়োজন। তিনি আরও জানান হাট মাধনগর স্বাস্থ্য উপকেন্দ্রে ১২.০০ টার পর কোন ডাক্তার থাকে না। এতে করে জনসাধারণ স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। | বারিগ্রাম থেকে নরদাশ পর্যন্ত রাস্তা সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়া জনস্বার্থে হাট মাধনগর স্বাস্থ্য উপকেন্দ্রে সরকারি নিয়ম অনুসরণ করে ডাক্তারের উপস্থিতি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার |
| ১৪ | চেয়ারম্যান, গোয়ালকান্দি ইউপি সভায় জানান যে, ঠিকাদারের মাধ্যমে অত্র উপজেলায় বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু অনেক ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করে না। যার জন্য জনদূর্ভোগ বাড়তে থাকে। যে সকল ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ করতে ব্যর্থ হয় এবং কাজের মান খারাপ করে তাদেরকে কালো তালিকা ভূক্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | সকল ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ করতে ব্যর্থ হয় এবং কাজের মান খারাপ করে তাদেরকে কালো তালিকা ভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | [illegible] পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, গত [illegible] জুন হতে ২১ জুন ২০২২ পর্যন্ত অত্র উপজেলায় [illegible]মারির কাজ সকলের ঐকান্তিক সহযোগিতায় সমাপ্ত হয়েছে। যদি কোন ব্যক্তি গণনা থেকে বাদ পড়ে সে ক্ষেত্রে পরিসংখ্যান দপ্তরে যোগাযোগ করলে গণনায় অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। | কোন ব্যক্তি গণনা থেকে বাদ পড়লে সে ক্ষেত্রে পরিসংখ্যান দপ্তরে যোগাযোগের বিষয়েটি স্ব স্ব এলাকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ থেকে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে তার দপ্তরের জন্য ০১টি কক্ষ বরাদ্দ প্রদানের নির্দেশনা রয়েছে। সমাজ সেবা দপ্তরের সেবা সমূহ জনগণের দৌর গোড়ায় পৌছে দেওয়ার লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদে তার দপ্তরের জন্য ০১টি করে কক্ষ বরাদ্দ প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। | স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক উপজেলা সমাজসেবা দপ্তরের জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদ ভবনের একটি করে কক্ষ সমাজসেবা দপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদানে ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১০ | চেয়ারম্যান, কাচারী কোয়ালীপাড়া ইউপি সভায় জানান যে, তার ইউপির মোহনপুর হতে ইউনিয়ন পরিষদ পর্যন্ত এবং পীরগঞ্জ হতে জোলাপাড়া হাট পর্যন্ত রাস্তা যান-বাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে রাস্তাসমূহ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | মোহনপুর হতে ইউনিয়ন পরিষদ পর্যন্ত এবং পীরগঞ্জ হতে জোলাপাড়া হাট পর্যন্ত রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১১ | চেয়ারম্যান, সোনাডাঙ্গা ইউপি সভায় জানান তার ইউপির উত্তর জামালপুর হতে বাধের হাট পর্যন্ত রাস্তা যান-বাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | উত্তর জামালপুর হতে বাধের হাট পর্যন্ত রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১২ | চেয়ারম্যান, শ্রীপুর ইউপি সভায় জানান যে, তার ইউপির জামতলা হতে তাহেরপুর রাস্তা যান-বাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। এছাড়া ইউনিয়ন পরিষদ হতে খামারপাড়া রাস্তার মাঝখানে বিদ্যুতের পোল থাকায় প্রতিনিয়ত দূর্ঘটনা ঘটছে। দূর্ঘটনা রোধে বৈদ্যুতিক পোলটি রাস্তার পার্শ্বে স্থানান্তর করা প্রয়োজন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | জামতলা হতে তাহেরপুর রাস্তা সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়া আলোচিত বৈদ্যুতিক পোল উত্তোলন করে রাস্তার পার্শ্বে পুনঃ স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম নাটোর পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী/ ডিজিএম নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বাগমারা |
| ১৩ | চেয়ারম্যান, নরদাশ ইউপি সভায় জানান যে, তার ইউপির বারিগ্রাম থেকে নরদাশ পর্যন্ত রাস্তা যান-বাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে রাস্তাটি সংস্কার করা প্রয়োজন। তিনি আরও জানান হাট মাধনগর স্বাস্থ্য উপকেন্দ্রে ১২.০০ টার পর কোন ডাক্তার থাকে না। এতে করে জনসাধারণ স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। | বারিগ্রাম থেকে নরদাশ পর্যন্ত রাস্তা সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়া জনস্বার্থে হাট মাধনগর স্বাস্থ্য উপকেন্দ্রে সরকারি নিয়ম অনুসরণ করে ডাক্তারের উপস্থিতি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার |
| ১৪ | চেয়ারম্যান, গোয়ালকান্দি ইউপি সভায় জানান যে, ঠিকাদারের মাধ্যমে অত্র উপজেলায় বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু অনেক ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করে না। যার জন্য জনদূর্ভোগ বাড়তে থাকে। যে সকল ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ করতে ব্যর্থ হয় এবং কাজের মান খারাপ করে তাদেরকে কালো তালিকা ভূক্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | সকল ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কাজ করতে ব্যর্থ হয় এবং কাজের মান খারাপ করে তাদেরকে কালো তালিকা ভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | চেয়ারম্যান, গনিপুর ইউপি সভায় জানান যে, তার ইউপির একডালা মোড় হতে পোড়াকয়া হাট পর্যন্ত রাস্তাটি ভেঙ্গে পুকুরের মধ্যে নিমজ্জিত হচ্ছে। রাস্তা রক্ষার্থে জরুরী ভিত্তিতে প্রোটেকশন ওয়ালসহ রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | একডালা মোড় হতে পোড়াকয়া হাট পর্যন্ত রাস্তাটি রক্ষার্থে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলী |
| ১৬ | চেয়ারম্যান, যোগীপাড়া ইউপি সভায় জানান যে, তার ইউপির নখোপাড়া বাজারের মধ্যে ইউনিয়ন পরিষদের মালিকানাধীন একটি অতি পুরাতন ও ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে। ভবন ধসে যে কোন সময় প্রাণহানি হতে পারে। যার জন্য তিনি ভবনটি অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান তার ইউনিয়ন পরিষদের সামনে ইউপির নিজস্ব জমিতে অবস্থিত কিছু অস্থায়ী দোকান ঘর থাকায় যাতায়াত ব্যহতসহ ভবনের সৌন্দর্য্য বিঘ্নিত হচ্ছে। অস্থায়ী দোকান ঘরসমূহ অপসারণ করা প্রয়োজন। | নখোপাড়া বাজারের মধ্যে ইউনিয়ন পরিষদের মালিকানাধীন পুরাতন ও ঝুঁকিপূর্ণ ভবন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়া ইউনিয়ন পরিষদের সামনে অস্থায়ী দোকান ঘরসমূহ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, যোগিপাড়া ইউপিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৭ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান ভবানীগঞ্জ চান পাড়া মৌজায় সরকারী হেলিপ্যাডের চারিপার্শ্বে পাকা রাখার নির্দেশনা থাকলেও হেলিপ্যাডের চারিপার্শ্বে পাকা অবকাঠামো (বাড়ি) নির্মাণ হচ্ছে। যার জন্য প্রয়োজনে হেলিকপ্টার উঠানামা বিঘ্নিত হবে। | সরেজমিন তদন্তকরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১৮ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান রক্ষিৎ-পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মালিকানাধীন একটি পুকুর রয়েছে। পুকুরটি ম্যানেজিং কমিটি অন্যত্র লীজ প্রদান করেন। উক্ত লীজ প্রদানকে কেন্দ্র করে বিভিন্ন জটিলতা সৃষ্টি হচ্ছে। এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | রক্ষিৎপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মালিকানাধীন পুকুরটি লীজ প্রদান নিয়ে জটিলতা নিরশন কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৯ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান সরকারী অর্থায়নে ইন্দ্রপুর দ্বি-মূখী দাখিল মাদ্রাসায় ছাত্র-ছাত্রীদের ব্যবহারের জন্য একটি সার্বমার্সেবোল পাম্প, পানির লাইন ও ট্যাঙ্কি স্থাপন করা হয়। গত ২৬/৬/২০২২খ্রি. তারিখে কতিপয় ব্যক্তি পানি ট্যাঙ্কি ও পানির লাইন ভেঙ্গে ফেলে। এবিষয়ে উক্ত মাদ্রাসার সুপার বাগমারা থানায় একটি অভিযোগ দায়ের করেন। সরকারি সম্পদ রর্ক্ষার্থে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | ইন্দ্রপুর দ্বি-মূখী দাখিল মাদ্রাসায় সার্বমার্সেবোল পাম্প, পানির লাইন ও ট্যাঙ্কি ভেঙ্গে ফেলার দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বাগমারা থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, বাগমারা থানা |
| ২০ | উপজেলা নির্বাহী অফিসার সভার জানান তার কার্যালয়ে কর্মরত সিএ জনাব মোঃ রবিউল ইসলামের স্ত্রী দূরারোগ্য ক্যান্সার রোগে আক্রান্ত হওয়ায় চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন করেছেন। এছাড়া তার দপ্তরে কর্মরত দপ্তরী জনাব মোঃ গোলাম সাকলাইন তার নিজের অসুস্থতার কারণে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন করেছেন। | মানবিক কারণে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে জনাব মোঃ রবিউল ইসলাম কে ৫০,০০০/- ও জনাব মোঃ গোলাম সাকলাইন কে ২০,০০০/- আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ তার এবং ভাইস চেয়ারম্যানগণের এপ্রিল ২০২২ হতে জুন ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া তিনি বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে নিম্নবর্ণিত পরামর্শ প্রদান করেন ঃ<br>ক. সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে জনসাধরণের কাঙ্খিত সেবা প্রদানের লক্ষ্যে সময় সূচি অনুরণ করে অফিস করার পরামর্শ প্রদান করেন।<br>খ. সকল দপ্তরের উন্নয়নমূলক প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে স্বচ্ছভাবে বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করেন।<br>গ. বাগমারা উপজেলার উন্নয়ন তথা জনস্বার্থমূলক কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার বিষয়ে তার সাথে ও মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে যোগাযোগের জন্য বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে পরামর্শ প্রদান করেন। | ক. সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণকে জনসাধরণের কাঙ্খিত সেবা প্রদানের লক্ষ্যে সময় সূচি অনুরণ করে অফিস করার জন্য অনুরোধ করা হয়।<br>খ. সকল দপ্তরের উন্নয়নমূলক প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে স্বচ্ছভাবে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।<br>গ. বাগমারা উপজেলার উন্নয়ন তথা জনস্বার্থমূলক কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে যোগাযোগের জন্য বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে অনুরোধ করা হয়। | সকল বিভাগীয় কর্মকর্তা, বাগমারা |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষর) 
(অনিল কুমার সরকার) 29/০৮/22
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগমারা,রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০২.০২.০৩৫.২০-৮৮৩ (৫০)

তারিখ ঃ ১৩ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২২ খ্রি.

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)।

০২। সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্হানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৪। জেলা প্রশাসক, রাজশাহী।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

০৭। উপজেলা ........................................................অফিসার,বাগমারা, রাজশাহী।

০৮। চেয়ারম্যান..........................................................ইউপি,বাগমারা, রাজশাহী।

০৯। জনাব.................................................................... বাগমারা, রাজশাহী।

(স্বাক্ষর) 29/6/22
(মোঃ ফারুক সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী
ফোন-০৭২২২৫৬০০১
email.unobagmara@mopa.gov.bd